গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	:	**এইচ এম রকিব হায়দার** বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
বিষয়	:	**মার্চ, ২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।**
তারিখ ও সময়	:	০৯/০৩/২০২৫ খ্রি. ,সকাল- ১০.০০ টা।
স্থান	:	জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক"তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাটকে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানোর আহ্বান জানানো হয়। তিনি পাঠ করে শোনান, কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১.</td><td><u>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ</u>
০৯ ফেব্রুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা করা হয়।</td><td>কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়।</td><td>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট</td></tr>
<tr><td>২.</td><td><u>সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ সম্পর্কে পর্যালোচনা</u>
(ক) অপরাধ চিত্র সংক্রান্তঃ
<table>
<tr><th>মাসের নাম/ সন</th><th>ডাকাতি</th><th>দস্যুতা</th><th>খুন</th><th>দাঙ্গা</th><th>ধর্ষণ</th><th>নারী নির্যাতন</th><th>অপহরণ</th><th>সিঁধেল চুরি</th><th>গরু চুরি</th><th>অন্যান্য চুরি</th><th>মাদকদ্রব্য</th><th>চোরাচালান</th><th>অন্যান্য</th></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২৫</td><td>০</td><td>০</td><td>২</td><td>০</td><td>৭</td><td>২১</td><td>০</td><td>২</td><td>১</td><td>৭</td><td>৬৬</td><td>৩</td><td>৬৬</td></tr>
<tr><td>জানুয়ারি/২৫</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>৬</td><td>৭</td><td>০</td><td>২</td><td>৫</td><td>১১</td><td>৫৫</td><td>১</td><td>৭৬</td></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২৪</td><td>০</td><td>০</td><td>৩</td><td>০</td><td>১</td><td>৭</td><td>১</td><td>৫</td><td>১</td><td>৪</td><td>৬২</td><td>১</td><td>৭৪</td></tr>
</table>
জানুয়ারি, ২০২৫ মাসের চেয়ে ফেব্রুয়ারি, ২০২৫ মাসে ১২ টি মামলা বেশি এবং পূর্ববর্তী বছরের একই মাসের চেয়ে ১৬ টি মামলা বেশি। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ডাকাতি, দস্যুতা, দাঙ্গা, অপহরণ কোন মামলা দায়ের হয়নি। সভায় আরো জানানো হয় যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে ০২ টি খুন, ০৭ টি ধর্ষণ এবং ২১টি নারী নির্যাতন, সিঁধেল চুরি ০২ টি, গরু চুরি ০১ টি, অন্যান্য চুরি ০৭ টি, মাদকদ্রব্য ৬৬ টি, চোরাচালান ০৩ টি ও অন্যান্য আইনে ৬৬ টি মামলা দায়ের হয়েছে। পুলিশ সুপার, লালমনিরহাট ফেব্রুয়ারি, ২০২৫ মাসে সংঘটিত ০২ টি খুনের ঘটনা সভায় উপস্থাপন করেন।
পুলিশ সুপার, লালমনিরহাট জানান যে, এখন সারাদেশে ফেসবুকের</td><td>১) মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার করে মাদক নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
২) উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/পুলিশ বিভাগ ও বিজিবি এর সমন্বয়ে সীমান্ত এলাকায় টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে।
৩) ফেসবুকের অপপ্রচার বন্ধে সকলকে সতর্ক থাকতে হবে।</td><td>১) পুলিশ সুপার, লালমনিরহাট।
২) অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট/ রংপুর/তিস্তা, ডালিয়া।
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।</td></tr>
</table>

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	মাধ্যমে গুজব ছড়িয়ে আইন- শৃঙ্খলা পরিস্থিতির অবনতি করার চেষ্টা করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ফেসবুকের অপপ্রচার বন্ধে সকলকে সতর্ক থাকার উপর গুরুত্ব আরোপ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা জানান যে, হাতীবান্ধা উপজেলার ভেলাগুড়ি ইউনিয়নে মাদকসেবীর আড্ডা ভীষণভাবে বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মাদকের বিরুদ্ধে অভিযান জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন।		
	(খ) ইমামগণের মাধ্যমে প্রচারণা সংক্রান্তঃ উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট এর প্রতিবেদনে দেখা যায়, মসজিদে জঙ্গিবাদ, সন্ত্রাস, নাশকতা ও মাদক বিরোধী বক্তব্য প্রদানের জন্য ইমামগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে। তিনি আরও জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে ২৮০ টি মসজিদে সন্ত্রাস, নাশকতা ও মাদকবিরোধী বক্তব্য প্রদান করা হয়েছে। সভায় জানানো হয় যে, পবিত্র রমজান মাসের পবিত্রতা বজায় রাখতে সকলকে উদ্বুদ্ধ করতে হবে। রমজানে কেউ যেন মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখাতে হবে। এ বিষয়ে ইমামগণের মাধ্যমে সবাইকে সচেতন করার বিষয়ে আলোচনা করা হয়।	১) মসজিদে খুতবার সময় বাল্যবিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন, সন্ত্রাস, নাশকতা ও মাদক বিরোধী বক্তব্য প্রদানের জন্য ইমামদের নির্দেশনা প্রদান করতে হবে। ২) নারী নির্যাতন, বাল্যবিবাহ, সন্ত্রাস, নাশকতা ও মাদক এর অপব্যবহার রোধে উস্কানীমূলক বক্তব্য প্রদান করে কোন মহল যেন দেশকে অস্থিতিশীল করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। ২) পণ্যের মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টির বিরুদ্ধে ইমামদের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট। ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
	(গ) সড়ক নিরাপত্তা সংক্রান্তঃ সভায় সদস্যগণ জানান যে, পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সড়কে চাঁদাবাজি বন্ধ এবং বাস মালিকগণ যেন অতিরিক্ত ভাড়া আদায় করতে না পারে সে জন্য টহল জোরদার করতে হবে। সভায় পুলিশ সুপার, লালমনিরহাট জানান যে, সড়কে প্রায়শই দুর্ঘটনা ঘটছে মূলত সড়কে চলাচলকারী গাড়িচালকদের অসচেতনতার কারনে দুর্ঘটনা ঘটছে। এ বিষয়ে বিআরটিএ এর উদ্যোগে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সচেতনতামূলক সভা করা প্রয়োজন। সভায় বিজিবি প্রতিনিধি জানান যে, মহাসড়কে রোড সাইন নেই। ফলে প্রায়শই দুর্ঘটনা ঘটছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কে রোড মার্কিং করার উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) পবিত্র ঈদ-উল-ফিতর এর সময় সড়ক-মহাসড়কে চাঁদাবাজি বন্ধ এবং অতিরিক্ত ভাড়া আদায় রোধে টহল জোরদার করতে হবে। ২) সড়কে দুর্ঘটনারোধে বিআরটিএ এর উদ্যোগে সংশ্লিষ্ট সকলকে নিয়ে জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে। ৩) লালমনিরহাট-বুড়িমারী মহাসড়কে রোড মার্কিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪) সড়ক দুর্ঘটনা এড়াতে রাস্তায় যেন ফিটনেস ও রেজিস্ট্রেশন বিহীন যান চলাচল না করে সে বিষয়টি নিশ্চিত করতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লালমনিরহাট। ৩) উপজেলা নির্বাহী অফিসার, (সকল), লালমনিরহাট ৪) সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td><u>(ঘ) মামলা সংক্রান্ত মেডিক্যাল রিপোর্ট সংক্রান্তঃ</u>
সিভিল সার্জন, লালমনিরহাট জানান যে, ফেব্রুয়ারি ২০২৫ মাসে পোস্টমর্টেম রিপোর্ট ০৭ টি এর মধ্যে থানায় প্রেরণ ০৪ টি, পেন্ডিং আছে ০৩ টি, ভিকটিম রিপোর্ট ১৩ টি এর মধ্যে থানায় প্রেরণ ০৮ টি, পেন্ডিং আছে ০৫ টি এবং ইনজুরি রিপোর্ট ২০২ টি এর মধ্যে থানায় প্রেরণ ১৫১ টি এবং পেন্ডিং আছে ৫১ টি রিপোর্ট।
সভায় সিভিল সার্জন, লালমনিরহাট এর প্রতিনিধি জানান যে, মেডিকেল রিপোর্ট দ্রুততার সঙ্গে দেওয়া হচ্ছে। তবে অনেক সময় ফরেনসিক রিপোর্ট রংপুর হতে বিলম্বে পাওয়ায় রিপোর্ট প্রেরণে বিলম্ব হচ্ছে।
সভায় মেডিকেল রিপোর্টে যথাযথ মন্তব্য উল্লেখ করে প্রতিবেদন প্রেরণ এবং দ্রুততার সঙ্গে সংশ্লিষ্ট থানার অফিসার-ইন-চার্জ বরাবর যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করা হয়।
সভায় তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট জানান যে, হাসপাতালের অক্সিজেন লাইনসহ চিকিৎসা সরঞ্জামাদি চুরি হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের নিরাপত্তা জোরদারসহ চুরি প্রতিরোধে পুলিশি টহল বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।</td><td>১) মেডিকেল রিপোর্টে যথাযথ মন্তব্য উল্লেখ করে প্রতিবেদন দিতে হবে এবং দ্রুততার সঙ্গে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
২) লালমনিরহাট ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের নিরাপত্তা জোরদারসহ চুরি প্রতিরোধে পুলিশি টহল বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১) পুলিশ সুপার, লালমনিরহাট।
২) সিভিল সার্জন, লালমনিরহাট।
৩) তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, লালমনিরহাট।
৪) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট।</td></tr>
<tr><td>৩.</td><td><u>গ্রাম আদালতঃ</u>
সভায় গ্রাম আদালতের মামলার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, এ জেলায় গ্রাম আদালতের সংখ্যা ৪৫টি।
উপজেলা ভিত্তিক মামলার বিবরণী :
<table>
<tr><th>উপজেলা</th><th>পূর্ববর্তী মাসের মামলার জের</th><th>বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা</th><th>মোট মামলার সংখ্যা</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th></tr>
<tr><td>সদর</td><td>৩৯</td><td>৩৫</td><td>৭৪</td><td>৩০</td><td>৪৪</td></tr>
<tr><td>আদিতমারী</td><td>১৯</td><td>১৯</td><td>৩৮</td><td>১৯</td><td>১৯</td></tr>
<tr><td>কালীগঞ্জ</td><td>১৪</td><td>৩৩</td><td>৪৭</td><td>২৪</td><td>২৩</td></tr>
<tr><td>হাতীবান্ধা</td><td>৩৭</td><td>৫১</td><td>৮৮</td><td>৫৭</td><td>৩১</td></tr>
<tr><td>পাটগ্রাম</td><td>১১</td><td>৩৩</td><td>৪৪</td><td>১৩</td><td>৩১</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>১২০</td><td>১৭১</td><td>২৯১</td><td>১৪৩</td><td>১৪৮</td></tr>
</table>
ফেব্রুয়ারি ২০২৫ মাসের গ্রাম আদালতের মামলা পর্যালোচনায় দেখা যায়, ০৫টি উপজেলায় ২৯১ টি মামলার মধ্যে চলতি মাসে ১৪৩ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১৪৮ টি।</td><td>১) গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং লালমনিরহাট সদর ও পাটগ্রাম উপজেলার নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।</td><td>১) উপ পরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৩) ইউপি চেয়ারম্যান (সকল), লালমনিরহাট।</td></tr>
</table>

৪.	**ইটভাটা সংক্রান্তঃ** সভায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন মামলা নং- ১৩৭০৫/২২ এর নির্দেশনা মোতাবেক অবৈধ ইটভাটা অপসারণের জন্য নির্দেশনা রয়েছে। তিনি জেলার সকল অবৈধ ইটভাটা আগামী ১১/০৩/২০২৫ তারিখের মধ্যে অপসারণের উপর গুরুত্ব আরোপ করেন। প্রয়োজনে যৌথ বাহিনীর সহায়তা নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। পরিবেশবান্ধব ইট প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, বর্তমানে কয়লায় পোড়ানো ইটের বিকল্প হিসেবে পরিবেশবান্ধব ব্লক ইট ব্যবহারের সিদ্ধান্ত রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ইটভাটা মালিকদেরকে পরিবেশ বান্ধব ব্লক ইট প্রস্তুতে উৎসাহিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) আগামী ১১/০৩/২০২৫ তারিখের মধ্যে সকল অবৈধ ইটভাটা অপসারণ করতে হবে। ৩) ইটভাটা স্থাপনে নিরুৎসাহিত করতে হবে এবং ইটভাটা মালিকদের পরিবেশ বান্ধব ব্লক ইট প্রস্তুতের জন্য উৎসাহ প্রদান করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৩) সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট।
৫.	**রেলওয়ে বিভাগ সংক্রান্তঃ** সভায় বিভাগীয় রেলওয়ে ম্যানেজারের প্রতিনিধি জানান যে, লালমনিরহাট হতে সকল ট্রেন যথাসময়ে আগমন ও প্রস্থান করে। সভায় সদস্যগণ জানান যে, কিছু কিছু ট্রেন যথাসময়ে চললেও কিছু ট্রেন বিলম্বে চলাচল করে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে রেলওয়ে ট্রেনগুলো যথাসময়ে চলাচলের উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় রেলওয়ে প্রতিনিধি জানান যে, রেলওয়েতে মাদক ও চোরাচালানের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। কিন্তু প্রতিবেদন প্রেরণ করা হয় না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে রেলওয়ে প্লাটফর্ম এবং ট্রেনে টাস্কফোর্স অভিযান পরিচালনার পূর্বে জেলা ম্যাজিস্ট্রেটকে বাধ্যতামূলকভাবে অবহিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, জিআরপি থানা, লালমনিরহাট রেলওয়ে জানান যে, রেলওয়ে স্টেশন সংলগ্ন এলাকায় মাদক চোরাকারবারী ও সন্দেহভাজন লোকজন থাকে। এদেরকে নজরদারিসহ প্রয়োজনে আইনের আওতায় আনতে হবে। এ বিষয়ে রেল স্টেশন সংলগ্ন এলাকায় টহল জোরদার করার উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) রেলপথে চোরাচালান প্রতিরোধে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২) ট্রেনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনার মাধ্যমে মাদকদ্রব্যের বাহকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩) রেলওয়ে প্লাটফর্ম এবং ট্রেনে টাস্কফোর্স অভিযান পরিচালনার পূর্বে জেলা ম্যাজিস্ট্রেটকে বাধ্যতামূলকভাবে অবহিত করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) বিভাগীয় রেলওয়ে ম্যানেজার, লালমনিরহাট। ৩) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।
৬	**অবৈধভাবে বালু ও পাথর উত্তোলন সংক্রান্তঃ** সভায় জানানো হয় যে, পাটগ্রাম উপজেলায় অবৈধভাবে বালু ও পাথর উত্তোলন করে জমির টপসয়েল নষ্ট করছে। সভায় এনএসআই প্রতিনিধি জানান যে, বালু ও পাথর উত্তোলনকারীগণ রাত ১০.০০ হতে সকাল ৮.০০ টা পর্যন্ত বোমা মেশিনের সাহায্য বালু ও পাথর উত্তোলন করে থাকে। পুলিশ সুপার, লালমনিরহাট জানান যে, বালু ও পাথর উত্তোলন বন্ধ করতে হলে জনগণকে সাথে নিয়ে জনসচেতনতা সৃষ্টি করতে হবে। উপজেলা ও ইউনিয়নে জনসচেতনতামূলক সেমিনার আয়োজন করে এর ক্ষতিকর দিক নিয়ে জনগণকে সচেতন করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বালু ও পাথর উত্তোলন বন্ধে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জনসচেতনতামূলক সেমিনার আয়োজনের উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) অবৈধভাবে বালু ও পাথর উত্তোলন বন্ধে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জনসচেতনতামূলক সেমিনার আয়োজন করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট/ রংপুর/তিস্তা, ডালিয়া। ৩) উপজেলা নির্বাহী অফিসার, পাটগ্রাম।

৭	**নারী ও শিশু নির্যাতন সংক্রান্তঃ** সভায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলাসমূহে উপজেলা নির্বাহী অফিসারগণের নেতৃত্বে বাল্যবিবাহ বন্ধে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সভায় জানানো হয় যে, গ্রামে এখনও গোপনে বাল্যবিবাহ সংঘটিত হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাল্যবিবাহ রোধে কঠোর মনিটরিং এবং নারী ও শিশু নির্যাতন বন্ধে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	১) জেলা, উপজেলা ও ইউনিয়ন নারী নির্যাতন প্রতিরোধ সেলের ত্রৈমাসিক সভা নিয়মিত আহবান ও উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা বৃদ্ধি করতে হবে। ২) শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। ৩) নির্যাতিতা নারীর আইনি সহায়তা কার্যক্রম তদারকি করতে হবে। ৪) বাল্যবিবাহ রোধে কঠোর মনিটরিং করতে হবে	১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ২) জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট। ৩) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট।
৮	**ইলিশ পাচার রোধ সংক্রান্তঃ** সভায় মৎস্য অধিদপ্তর, ইলিশ ব্যবস্থাপনা শাখা এর ৩০/১০/২০২৪ তারিখের ৩৩.০২.০০০০.৯২৭.৩১.০০১.২৪-৯৬ নং স্মারকের পত্রটি সভায় উপস্থাপন করা হয়। পত্রে দেশের বাজারে ইলিশ সহজলভ্য করার জন্য ইলিশ পাচার রোধে জেলা ও উপজেলা পর্যায়ের আইন-শৃঙ্খলা কমিটির নিয়মিত সভায় এ বিষয়ে এজেন্ডাভূক্ত করার নির্দেশনা প্রদান করেছেন। সভায় আরও জানানো হয় চোরাকারবারীরা সীমান্ত পথে ইলিশ পাচার করে থাকে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ইলিশ পাচার রোধে কঠোর মনিটরিং এর উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) ইলিশ পাচার রোধে সীমান্ত এলাকায় নজরদারি অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট/ রংপুর/তিস্তা, ডালিয়া। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। ৩) জেলা মৎস্য কর্মকর্তা, লালমনিরহাট।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সদস্যবৃন্দকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক হওয়ার অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এইচ এম রকিব হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০১.১৭-২৭২ (১০০)

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪৩১
০৯ মার্চ, ২০২৫

মার্চ, ২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও কার্যবিবরণীর গৃহীত সিদ্ধান্তের আলোকে অগ্রগতির প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলোঃ
০১। পুলিশ সুপার, লালমনিরহাট।
০২। অধিনায়ক, ১৫/৫১/৬১, বর্ডার গার্ড ব্যাটালিয়ন, লালমনিরহাট।
০৩। ...., লালমনিরহাট।

০৯/০৩/২৫

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯-৯৮৬৮৬৮
dclalmonirhat@mopa.gov.bd